তারিখ · 31 AUG 2017 ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ১ ......

দৈনিক
আমাদের সময়

# নতুন শিক্ষা বোর্ড ময়মনসিংহ

এম এইচ রবিন ●

'মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ' নামে আরও একটি শিক্ষা বোর্ড হয়েছে। এ সংক্রান্ত আদেশ জারি করেছে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ। দেশে শিক্ষা বোর্ডের সংখ্যা এখন ১১টি। এতদিন ঢাকা, রাজশাহী, চট্টগ্রাম, কুমিল্লা, সিলেট, বরিশাল, যশোর ও দিনাজপুরে পৃথক আটটি সাধারণ বোর্ড এবং মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের জন্য আলাদা দুটি বোর্ডের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

ময়মনসিংহ নতুন বোর্ড হওয়ায় ঢাকা শিক্ষা বোর্ডের অধীনের ময়মনসিংহ, জামালপুর, শেরপুর ও নেত্রকোনা জেলার কার্যক্রম এখন সেই বোর্ডে চলে যাবে। মন্ত্রণালয়ের আদেশে বলা হয়েছে– 'ইন্টারমিডিয়েট অ্যান্ড সেকেন্ডারি এরপর পৃষ্ঠা ১১, কলাম ১

# নতুন শিক্ষা বোর্ড ময়মনসিংহ

(শেষ পৃষ্ঠার পর) এডুকেশন অর্ডিনেন্স'-এর ক্ষমতাবলে সরকার ময়মনসিংহ, নেত্রকোনা, শেরপুর ও জামালপুর জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার সংগঠন, নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান এবং উন্নয়নের উদ্দেশ্যে ময়মনসিংহ শহরে শিক্ষা বোর্ড স্থাপন করেছে। এই চার জেলার শিক্ষা প্রতিষ্ঠানে ঢাকা শিক্ষা বোর্ডের এখতিয়ার রহিত করে এসব জেলার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষার নিয়ন্ত্রণ, তত্ত্বাবধান ও উন্নয়নের ক্ষমতা নবগঠিত বোর্ডের ওপর ন্যস্ত করা হয়েছে।

জানা গেছে, ময়মনসিংহ অষ্টম বিভাগ হিসেবে গঠনের পর ২০১৫ সালের ১৪ সেপ্টেম্বর তা অনুমোদন করে প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি (নিকার)। এরপর থেকেই আলাদা একটি শিক্ষা বোর্ড স্থাপনের দাবি ওঠে। সে অনুযায়ী গত বছর সরকার ময়মনসিংহে নতুন শিক্ষা বোর্ড স্থাপনের নীতিগত সিদ্ধান্ত নিয়ে এর যৌক্তিকতা যাচাইয়ে সাত সদস্যের একটি কমিটি গঠন করে। ওই কমিটির মতামতের ভিত্তিতেই ময়মনসিংহে নতুন শিক্ষা বোর্ড স্থাপনে প্রস্তাবনা পাঠানোর পর প্রধানমন্ত্রী শেখ হাসিনা তা অনুমোদন করেন। এরপরই আদেশ জারি করে শিক্ষা মন্ত্রণালয়।